

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
সমবায় শাখা ডেস্ক-১  
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৮.১৯.৫২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: কুড়িগ্রাম জেলাধীন ভুরুজামারী ইউসিসিএ'তে জনবল নিয়োগ সংক্রান্ত।

সূত্র: উপপরিচালক, কুড়িগ্রাম এর পত্র নং-৬১৬, তারিখঃ ৩০/০৭/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে কুড়িগ্রাম জেলাধীন ভুরুজামারী ইউসিসিএ'তে কর্মচারীদের বেতন-ভাতা খাতে বছরে ঘাটতি ৩.৬৪ লক্ষ টাকা। এছাড়া ২০১৭-১৮ অর্থবছরে ইউসিসিএ'র নীট ক্ষতির পরিমাণ ০.৩৩ লক্ষ টাকা। ইউসিসিএ'তে কর্মরত ০২ জন পরিদর্শককে বছরে মাত্র দুই মাসের বেতন-ভাতা প্রদান করা হয়েছে। এতে প্রতীয়মান যে জনবল নিয়োগে ইউসিসিএ'র আর্থিক সক্ষমতা নেই। ইউসিসিএ'র এ আর্থিক দুর্বলতার কারণে নতুন জনবল নিয়োগদানে কর্তৃপক্ষের অসম্মতি জ্ঞাপন করা হলো।

২। ভুরুজামারী ইউসিসিএ'তে আবর্তক ঋণ তহবিলের পরিমাণ ৩৭.৫৭ লক্ষ টাকা। ইউসিসিএ'তে ০২ জন পরিদর্শক কর্মরত থাকার পরও বছরে ঋণ বিতরণ মাত্র ৮.১৩ লক্ষ টাকা এবং আদায় ৮.৪৮ লক্ষ টাকা; যা উদ্বিগ্নজনক।

৩। এমতাবস্থায়, ভুরুজামারী ইউসিসিএ'র ঋণ কার্যক্রম কেন সন্তোষজনক নয় এবং ইউসিসিএ'র আর্থিক সক্ষমতা না থাকা সত্ত্বেও কেন জনবল নিয়োগ প্রস্তাব সুপারিশ করা হয়েছে; আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তার ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন  
বোর্ড, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪১৮.১৯.৫২/১(২)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।



৪-৯-২০১৯

সুকুমার চন্দ্র দাস

যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)